

‘Consultation Workshop on Accreditation in Higher Education’

৯ ডিসেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ তারিখ সকাল ১০:০০ ঘটিকায় বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের সম্মেলন কক্ষে নিয়োগকারী কর্তৃপক্ষের সাথে অ্যাক্রেডিটেশন কার্যক্রম অবহিতকরণ বিষয়ক একটি মতবিনিময় কর্মশালা **‘Consultation Workshop on Accreditation in Higher Education’** অনুষ্ঠিত হয়। কর্মশালায় সভাপতিত্ব করেন বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের চেয়ারম্যান প্রফেসর ড. মেসবাহউদ্দিন আহমেদ। কর্মশালায় ‘BAC Accreditation and Higher Education’ বিষয়ক মূল প্রবন্ধ উপস্থাপন করেন কাউন্সিলের পূর্ণকালীন সদস্য প্রফেসর ড. এস এম কবীর। কর্মশালায় উপস্থিত ছিলেন বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের পূর্ণকালীন সদস্য প্রফেসর ড. মো: গোলাম শাহী আলম, পূর্ণকালীন সদস্য জনাব ইসতিয়াক আহমদ ও প্রফেসর ড. গুলশান আরা লতিফা। কর্মশালায় আরও উপস্থিত ছিলেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের পরিচালক ড. দুর্গা রানী সরকার ও অতিরিক্ত পরিচালক জনাব আকরাম আলী খান। কর্মশালায় বিভিন্ন নিয়োগকারী প্রতিষ্ঠানের Chairman, Managing Director, Director, Head of HR, Senior Manager, General Manager, Senior Assistant Vice President, Deputy Manager ও Senior Principal Officer আলোচনায় অংশগ্রহণ করেন ও মূল্যবান পরামর্শ প্রদান করেন। উক্ত কর্মশালায় স্বাগত বক্তব্য প্রদান করেন কাউন্সিলের সচিব প্রফেসর এ.কে.এম. মুনিরুল ইসলাম এবং ধন্যবাদ জ্ঞাপন করেন প্রফেসর নাসির উদ্দীন আহাম্মেদ, পরিচালক (অ্যাক্রেডিটেশন)। কর্মশালায় আরও উপস্থিত ছিলেন কাউন্সিলের পরিচালক প্রফেসর গৌতম চন্দ্র রায়, পরিচালক জনাব মোহাম্মদ তাজিব উদ্দিন ও সহকারী পরিচালক (অ্যাক্রেডিটেশন) জনাব সাবরিনা তাজনুর। কর্মশালায় রিপোর্টার হিসেবে দায়িত্ব পালন করেন উপপরিচালক ও একান্ত সচিব (চেয়ারম্যান মহোদয়ের দপ্তর) জনাব স্নিগ্ধা বাউল ও সহকারী পরিচালক (অ্যাক্রেডিটেশন) জনাব নাছিমা আক্তার। কর্মশালাটি সঞ্চালনা করেন ড. ফারজানা শারমিন, উপপরিচালক (অ্যাক্রেডিটেশন)। কর্মশালায় উপস্থিত সম্মানিত অতিথিগণ বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের কার্যক্রম সম্পর্কে ধারণা অর্জন করেন এবং কর্তৃপক্ষের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। অংশগ্রহণকারীগণ উচ্চশিক্ষার মান উন্নয়নে অ্যাকাডেমি-ইন্ডাস্ট্রি কোলাবোরেশন সুসংহত করা প্রয়োজন মর্মে তাঁদের অভিমত ব্যক্ত করেন।





